রেজিস্ট্রার অফিস

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (সিভাসু)
চট্টগ্রাম-৪২২৫, বাংলাদেশ
ফোন: ০২৩৩৪৪৬৬১৫৩, ফ্যাক্স: ০২৩৩৪৪৬৬২৭০
ই-মেইল: registrar@cvasu.ac.bd, registrarcvasu@gmail.com
ওয়েবসাইট: cvasu.ac.bd

নং-সিভাসু/রেজি:/নোটিশ-১(অংশ-৫)/২০১৭/ ১৪৪

তারিখ: ২৬/০১/২০২১ খ্রি.

# বিজ্ঞপ্তি

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ের শিক্ষক,কর্মকর্তা ও কর্মচারীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এ বিশ্ববিদ্যালয়ে নিয়োজিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য **'বিশেষ কল্যাণ তহবিল নীতিমালা'** প্রণয়ন করা হয়েছে (কপি সংযুক্ত)। উল্লেখিত নীতিমালার আলোকে যে সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিজ বা তাঁর পরিবার ০৬/০৭/২০১৯ তারিখের পর বিভিন্ন রোগে আক্রান্ত হয়েছেন তাঁদের নিকট থেকে যথোপযুক্ত প্রমাণকসহ চিকিৎসার আর্থিক অনুদানের জন্য আবেদন আহ্বান করা যাচ্ছে।

২। আবেদন আগামী ১৫/০২/২০২১ তারিখের মধ্যে স্ব-স্ব বিভাগীয় প্রধান/দপ্তর প্রধানের মাধ্যমে রেজিস্ট্রার দপ্তরে পৌছাতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

26.01.21

**(মীর্জা ফারুক ইমাম)**
রেজিস্ট্রার

বিতরণ: জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। ডিন, ভেটেরিনারি মেডিসিন/ফুড সাইন্স এন্ড টেকনোলজি/ফিশারিজ অনুষদ, সিভাসু।
২। পরিচালক/বিভাগীয় প্রধান/অফিস প্রধান/প্রক্টর/প্রভোস্ট (সকল), সিভাসু ।
৩। পিএস টু ভিসি, সিভাসু (উপাচার্য মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
৪। আইসিটি সেল, সিভাসু (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে আপলোড করার জন্য)।

অনুলিপি:

১। নথি/মহানথি।

## চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় (সিভাসু)

## বিশেষ কল্যাণ তহবিল নীতিমালা

**[অর্থ কমিটির ২৯তম সভায় সুপারিশকৃত এবং ০৭/১২/২০১৯ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪৪তম অধিবেশনে গৃহীত ৩নং সিদ্ধান্ত মূলে অনুমোদিত]**

এই নীতিমালা চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে নিয়োজিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের জন্য **'বিশেষ কল্যাণ তহবিল নীতিমালা'** হিসেবে বিবেচিত হবে।

১. **তহবিল গঠন :** গত ২২/০৬/২০১৯ খ্রি. তারিখে অনুষ্ঠিত ২৮তম অর্থ কমিটির ৯নং সুপারিশ এবং ৪৩তম সিন্ডিকেটের অধিবেশনের ৩নং সিদ্ধান্তের আলোকে চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় শিক্ষক,কর্মকর্তা ও কর্মচারী বিশেষ কল্যাণ তহবিল গঠন করা হয়।

২. **তহবিল গঠনের উদ্দেশ্য :** চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়ে কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের কল্যাণার্থে নিজ এবং পরিবারের সদস্যদের চিকিৎসার জন্য আর্থিক অনুদান প্রদান করা।

৩. **তহবিলের অর্থের পরিমান :** গত ২২/০৬/২০১৯ খ্রি.তারিখে অনুষ্ঠিত ২৮তম অর্থ কমিটির ৯নং সুপারিশ এবং ০৬/০৭/২০১৯ তারিখে অনুষ্ঠিত সিন্ডিকেটের ৪৩তম অধিবেশনের ৩নং সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় হতে ১,০০,০০,০০০.০০ (এক কোটি) টাকা স্থানান্তরের মাধ্যমে উক্ত তহবিল গঠন করা হয়। পরবর্তীতে অর্থ কমিটির সুপারিশ ও সিন্ডিকেট অধিবেশনের সিদ্ধান্ত অনুযায়ী বিশেষ কল্যাণ তহবিলের অর্থের পরিমান হ্রাস বৃদ্ধি করা যেতে পারে।

৪. **তহবিল পরিচালনা কমিটি :** চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী বিশেষ কল্যাণ তহবিল পরিচালনার জন্য নিম্নোক্ত ৬ সদস্য বিশিষ্ট ১টি পরিচালনা কমিটি থাকবে:

১। উপাচার্য- যিনি ইহার চেয়ারম্যান হবেন;
২। কোষাধ্যক্ষ- সদস্য;
৩। রেজিস্ট্রার- সদস্য;
৪। সিন্ডিকেট কর্তৃক মনোনীত একজন সদস্য; (যিনি ২ বছরের জন্য মনোনীত হবেন)
৫। উপাচার্য কর্তৃক মনোনীত একজন সদস্য; (যিনি ২ বছরের জন্য মনোনীত হবেন)
৬। প্রধান চিকিৎসা কর্মকর্তা (CMO)- সদস্য;
৭। পরিচালক (অর্থ ও হিসাব), যিনি ইহার সদস্য-সচিব হবেন।

৫. **তহবিলের ব্যাংক হিসাব পরিচালনা :** বিশ্ববিদ্যালয়ের অন্যান্য তহবিলের ন্যায় বিশেষ কল্যাণ তহবিলের ব্যাংকের চেক স্বাক্ষরকারী হিসাবে অর্থ কমিটির সুপারিশ ও সিন্ডিকেটের সিদ্ধান্ত অনুযায়ী পরিচালিত হবে।

৬. **তহবিল বিনিয়োগ :** পরিচালনা কমিটি'র সিদ্ধান্ত অনুযায়ী চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী বিশেষ কল্যাণ তহবিলের অর্থ সরকারী নিয়ম অনুযায়ী যে কোন সরকারী/বেসরকারী তফসিলী ব্যাংকে বিনিয়োগ করা যাবে।

৭. তহবিলের ব্যবহার: বিশেষ কল্যাণ তহবিলের মূল টাকা অক্ষুন্ন রেখে শুধুমাত্র অর্জিত লাভ বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের নিজ এবং তাদের পরিবারের সদস্যদের চিকিৎসা অনুদানের জন্য ব্যয় করা যাবে। উল্লেখ্য, এক ব্যক্তিকে বছরে একবার এবং সমগ্র চাকুরী জীবনে ৩ বারের বেশি অনুদান প্রদান করা যাবে না। আরও উল্লেখ্য যে, বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের ব্যয়িত চিকিৎসা বিলের অর্ধেক তবে সর্বোচ্চ ৫০,০০০/- অনুদান প্রদানের জন্য বিবেচনা করা যাবে।

৮. **তহবিলের সুবিধাভোগী :** চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী নিজ এবং পরিবারের সদস্যবৃন্দ। এখানে পরিবার বলতে স্বামী/স্ত্রী, ছেলে-মেয়ে এবং পিতা-মাতাকে বুঝাবে।

৯. **অনুদান সুবিধা প্রাপ্তির প্রক্রিয়া :**

(ক) চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয় শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীরা নিজ এবং পরিবারের সদস্যদের চিকিৎসা ব্যয়ের আর্থিক অনুদান প্রাপ্তির জন্য নির্ধারিত ফরমে নিয়ন্ত্রণকারী শিক্ষক/কর্মকর্তার মাধ্যমে কমিটি'র প্রধান, চেয়ারম্যান মহোদয় বরাবরে আবেদন করতে হবে।

(খ) সাধারণত আবেদনের সাথে সরকারী/প্রাইভেট হাসপাতালের ইনডোর বিল সংযুক্ত করতে হবে। শুধুমাত্র আউটডোর Patient হিসাবে ব্যয়িত অর্থ পরিশোধ যোগ্য নয়।

(গ) বিশেষ ক্ষেত্রে জটিল/দীর্ঘ মেয়াদী রোগের ক্ষেত্রে বিল ব্যতিত আবেদন করা যাবে। এক্ষেত্রে প্রধান চিকিৎসা কর্মকর্তা (যিনি এ কমিটি'র সদস্য) এর মতামত এবং পরিচালনা কমিটি'র সিদ্ধান্তের আলোকে প্রয়োজন অনুযায়ী অনুদান দেয়া যাবে তবে ইহা কখনো তহবিল ব্যবহারের নির্ধারিত সীমা অতিক্রম করা যাবে না।

১০. **তহবিল বিলুপ্তি/বৃদ্ধি :** সিন্ডিকেটের সিদ্ধান্তক্রমে যে কোন সময় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজন মনে করলে উক্ত তহবিল বিলুপ্তি অথবা বৃদ্ধি করতে পারবে। বিলুপ্তির ক্ষেত্রে তহবিলে জমাকৃত লাভসহ আসল টাকা বিশ্ববিদ্যালয়ের নিজস্ব আয় তহবিলে ফেরত প্রদান করতে হবে।